75

দৈনিক সংবাদ

তারিখ 02 DEC 1992
পৃঃ 7 কলাম 4

# ক্ষমতাসীনরা ছাত্রদের ভাবমূর্তি নষ্ট করার চেষ্টা করছে ঃ হাসিনা

আওয়ামী লীগ সভানেত্রী ও সংসদে বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনা বলেছেন, ক্ষমতাসীন শাসকগোষ্ঠী শিক্ষাংগনে, যাতে সরকারবিরোধী ছাত্র আন্দোলন গড়ে গভীর ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। এরই অংশ হিসেবে ছাত্রদের হাতে অবৈধ অস্ত্র তুলে দিয়ে শিক্ষাংগনকে কলুষিত ও ছাত্রসমাজের ভাবমূর্তি বিনষ্ট করছে।

গতকাল মঙ্গলবার মিন্টো রোডস্থ

হাসিনা ঃ পৃঃ ৮ কঃ ৪

# হাসিনা ঃ ছাত্রদের ভাবমূর্তি নষ্টের চেষ্টা চলছে

(১ম পৃষ্ঠার পর)

বিরোধীদলীয় নেত্রীর বাসভবনে আগত ঢাকা বিশ্ববিদ্যালয়ের কুয়েত মৈত্রী হলের ছাত্রলীগ (ম-ই) তিনি নেতা কর্মীদের উদ্দেশে একথা বলেন। এতে ছাত্রী নেত্রীদের মধ্যে বক্তব্য রাখেন জিনাত সুলতানা, দিপালী চক্রবর্তী, সাইয়িদা পারভীন লিপি ও নাজমুন নাহার ঝিনুক।

শেখ হাসিনা বলেন, সরকার সন্ত্রাস দমনের অজুহাতে সন্ত্রাসী আইন জারি করে বিরোধী রাজনৈতিক শক্তি, বিশেষ করে বঙ্গবন্ধুর আদর্শের সৈনিকদের গ্রেফতার ও হয়রানি করছে। অপরদিকে সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সরকারী মদদে ও প্রশাসনের সহযোগিতায় অব্যাহতভাবে সন্ত্রাসের মাধ্যমে শিক্ষাজীবনকে ধ্বংস করছে। তিনি বলেন, ছাত্রদলের অভ্যন্তরীণ কোন্দলের কারণে রাকসু নির্বাচনে নিশ্চিত পরাজয় জেনে প্রধানমন্ত্রীর সরাসরি হস্তক্ষেপে নির্বাচন স্থগিত করে শিক্ষাংগনকে দলীয়করণের যে খেলায় বিএনপি মেতে ওঠেছে তা আবারও দেশবাসীর কাছে স্পষ্টভাবে প্রমাণিত হয়েছে।

শেখ হাসিনা ছাত্রীদের উদ্দেশ্যে দেশ ও জাতির মাঝে বিরাজমান সমস্যাবলী সমাধানের লক্ষ্যে দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানিয়ে বলেন, নারীসমাজের অধিকার প্রতিষ্ঠা ও মুক্তির আন্দোলনকে সফল করতে হলে ছাত্রীদেরকে লেখাপড়ার পাশাপাশি রাজনৈতিকভাবে সচেতন হতে হবে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।